

MADHYAMIK EXAMINATION 2009

বাংলা- প্রথম পত্র

পূর্ণমান- ৯০(নিয়মিত পরিক্ষার্থীর জন্য)

১০০(বহিরাগত পরিক্ষার্থীর জন্য)

[নতুন পাঠ্যক্রম]**১. প্রতিটি উত্তর অনাধিক তিনটি ব্যাকে লিখে যে- কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:****[৩×২=৬]**

১.১ ‘করণ নয়নে চায়’- নয়ন করণ হওয়ার কারণ কী?

১.২ ‘নাহি শিশু লঙ্কাপুরে, শুনে না হাসিবে এ কাথা!’ - কোনো কথা তা সহজ গদে লেখো।

১.৩ ‘নেচেছিলো ইন্দের সভায়’ –এই উক্তিটির মধ্যে দিয়ে কবি মধ্য যুগের একটি বাংলা আধ্যানকাব্যের যে ঘটনার ইঙ্গিত দিয়েছেন তার সম্পর্কে লেখো।

১.৪ ‘এখনো প্রতিষ্ঠা করি আমার মনের দিকে দিকে’- কী প্রতিষ্ঠা করার কথা কবি বলেছেন।

১.৫ ‘নাকি সে পাথর- ঘাস- মাটি নিয়ে খেলতে খেলতে ঘুমিয়ে পড়েছে’- কোথায় ঘুমিয়ে পড়ার সন্তানবনার কথা কবি বলেছেন?

১.৬ ‘মেঘের সে- দানে বহু সম্মানে বারেক ঠেকানু মাথা’- কোন দানের কথা বলা হয়েছে?

২. প্রতিটি উত্তর কম বেশী ছাটি লিখে যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও :২.১ ‘বক্রিত গোবিন্দদাস’- বক্তা কীসের থেকে বক্রিত? তাঁর বক্রিত হওয়ার কারণটি বুঝিয়ে দাও। **[২+৩]**২.২ ‘ওটা দিতে হবে’- কী দিতে হবে? দিলে আদায়কারীর পক্ষে কী ধরনের সুবিধা লাভের সুযোগ ঘটবে? **[২+৩]**২.৩ ‘আজকে রে তাই বেরাই খুঁজে’- কবি কাকে কোথায় খুঁজে বেড়ান? তার খুঁজে বেড়ানোর কারণ কী? **[৩+২]**২.৪ ‘ঘুমের সময় যত গল্প ছিল আমাদের’ –কোন ধরনের গল্প ছিল? সেগুলি কবির উপর কেমন প্রভাব ফেলত? **[২+৩]**২.৫ ‘চোখে পড়ছে না যদিও, তবু আছে’- কী চোখে পড়ছে না? তবুও তা আছে, এমন ভাবার কারণ কী **[২+৩]**

২.৬ ‘তাই আজ আমারো বিশ্বাস- কবি কোন বিশ্বাসের কথা বলেছেন? এই বিশ্বাসের ফলে তার চোখে কী ধরা পড়ছে?’

[২+৩]

২.৭ ‘তাহাদের ছায়া পড়িয়াছে’- কাদের ছায়া কোথায় পড়িয়াছে? বহুকাল আগে কে কোথায় এমন ছায়া দেখেছিলেন বলে কবি কল্পনা করেছেন?

৩. কম- বেশী পনেরোটি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

[১০]

৩.১ ‘বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ’ কাব্যাংশে বিভীষণের বিরুদ্ধে ও অভিযোগ প্রকাশের মধ্য দিয়ে ইন্দ্রজিতের যে চরিত্রটি পরিস্ফুট হয়েছে, তার পরিচয় দাও।

৩.২ ‘মাঝে মাঝে ভুল ঘটে ঢের’ তবু ‘ওই আমাদের ছেলের দল’কে কবি কিভাবে ‘আশার প্রদীপ’ রূপে তুলে ধরেছেন, তা বুঝিয়ে দাও।

৩.৩ দাদির কবরের পাশে দাঁড়ানো দাদুর সূতিচারনে বড়ো মধুর এক দাম্পত্য জীবনের ছবি ফুটে ওঠে। ‘কবর’ কবিতা অবলম্বনে এ সম্পর্কে আলোচনা কর।

৪. উৎস নির্দেশসহ প্রতিটি টীকা অনধিক চারটি বাক্যে লেখো (যে- কোনো দুটি) :

[$2 \times 2 = 8$]

৪.১ সে- মাটি সোনার বাড়া

৪.২ পরদোষে কে চাহে মজিতে

৪.৩ কুৎসা- গানের কোরাস

৪.৪ আবার দাঁড়াব গিয়ে দুঃখের দুয়ারে

৪.৫ জঠরের নিঃশব্দ জ্ঞানুটি

৪.৬ হিবাচিতে আগুন জ্বেলে।

৫. কম- বেশী পনেরোটি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

[১০]

৫.১ কেমন পরিবেশে পৃথিবীতে চম্পার আগমন ঘটে? সেই পরিবেশকে জয় করে চম্পা কীভাবে প্রতিষ্ঠা লাভ করে তা লেখো।

[৪+৬]

৫.২ ফ্যান কবিতা কোন পটভূমিকায় রচিত? এই কবিতায় কবি সভ্য সমাজকে কীভাবে ব্যঙ্গ করেছেন তা বুঝিয়ে দাও।

৬. নিম্নলিখিত যে- কোনো একটি বিষয় সম্পর্কে অনধিক ৫০০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখোঃ

৬.১ শৈশবে ফেলে আসা দিনগুলি

৬.২ পরিবেশ উন্নয়নে ছাত্র- ছাত্রীদের ভূমিকা

৬.৩ প্রাত্যহিক জীবনে বিদ্যুৎ

৬.৪ লেখাপড়ার অবসরে খেলা আর গল্পের বই।

৭. চলতি গদ্যে বঙ্গানুবাদ করঃ

Man is a social animal. He cannot live alone. No person can be happy without having sincere friends. But selfish persons fail to make real friendship. Because to get love, you must give love in return.

৮. যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ [৫]

৮.১ ভাবার্থ লেখো (প্রদত্ত রচনার এক- তৃতীয়াংশ আয়তনের মধ্যে):

আমাদের শিক্ষিত লোকেদের জ্ঞান যে নিষ্ফল হয়, অভিজ্ঞতা যে পল্লিবাসির কাজে লাগে না, তার কারণ আমাদের মিলতে দেয় না, ভেদকে জাগিয়ে রাখে। তাই আমি বারংবার বলি, গ্রামবাসীদের অসম্মান কোরো না, যে শিক্ষার আমাদের প্রয়োজন তা শুধু শহরবাসীদের জন্য নয়, সমস্ত দেশের মধ্যে তার ধারাকে প্রবাহিত করতে হবে। সেটা যদি শুধু শহরের লোকেদের জন্য নির্দিষ্ট থাকে তবে তা কখনো সার্থক হতে পারে না। মনে রাখতে হবে শ্রেষ্ঠত্বের উৎকর্ষে সকল মানুষেরই জন্মগত অধিকার। গ্রামে গ্রামে আজ মানুষের এই অধিকার ফিরিয়ে দিতে হবে। আজ আমাদের সকলের চেয়ে বড়ো দরকার শিক্ষার সাম্য। অর্থের দিক দিয়ে এর ব্যাঘাত আছে জানি, কিন্তু এ ছাড়া কোনো পথ নেই। নতুন যুগের দাবি মেটাতেই হবে।

৮.২ ভাবসম্প্রসারণ করো (কম- বেশি দশটি বাক্যে)

যারা শুধু মরে কিন্তু নাহি দেয় প্রাণ,

কেহ কভু তাহাদের করেনি সম্মান।

৯. যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ (অনধিক দশটি বাক্যে)[৫]

৯.১ সংবাদপত্রে প্রকাশের জন্য নিম্নলিখিত বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো :

বে- আইনিভাবে গাছ কাটার বিরুদ্ধে এলাকার মানুষের সমবেত প্রতিরোধের ঘটনা।

৯.২ বিদ্যলয়ে রবীন্দ্রজয়ন্তী পালনের জন্য ছাত্র/ছাত্রী- শিক্ষক/শিক্ষিকা- শিক্ষাকর্মীদের নিয়ে গঠিত প্রস্তুতি- কমিটির প্রাথমিক অধিবেশনের একটি কার্য- বিবরণী লিপিবদ্ধ করো।

[শুধু বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১০. কম- বেশি পনেরোটি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ[১০]

১০.১ গৌরাঙ্গদেবের মহিমায় কবি গোবিন্দ দাস মুদ্র, ‘পতিত হেরিয়া কাঁদে’ পদটি অবলম্বনে তা ব্যাখ্যা করো।

১০.২ কবি জীবনানন্দের চোখে দেখা বাংলার রূপময় প্রকৃতির পরিচয় দাও।